

Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 16 June, 2025

ঠাকুরগাঁওয়ের প্রবীণ সাংবাদিক মজিবর রহমান শেখ (৪৮) হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইল্লালিল্লাহি...রাজিউন)। সোমবার ভোরে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

দীর্ঘদিন ধরে তিনি দৈনিক নবচেতনা পত্রিকার ঠাকুরগাঁও জেলা প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। নিষ্ঠা ও নিরলস পরিশ্রমের মাধ্যমে তিনি সাংবাদিক মহলে ছিলেন অত্যন্ত সম্মানিত ও শ্রদ্ধাভাজন ব্যক্তিত্ব।

মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই কন্যা, এক পুত্র এবং অসংখ্য শুভানুধ্যায়ী রেখে গেছেন।

সাংবাদিক মজিবর রহমান শেখের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে ঠাকুরগাঁও প্রেসক্লাব। শোকবার্তায় প্রেসক্লাবের সভাপতি মনসুর আলী, ভারপ্রাপ্ত সভাপতি লুৎফর রহমান মিঠু এবং সাধারণ সম্পাদক ফিরোজ আমিন সরকার বলেন, “তিনি ছিলেন একজন নীতিবান ও দায়িত্বশীল সাংবাদিক। তাঁর মৃত্যুতে জেলার গণমাধ্যম অঙ্গনে অপূরণীয় শূন্যতা তৈরি হলো।”

এছাড়াও বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও পেশাজীবী সংগঠনের প্রতিনিধিরা শোক প্রকাশ করেছেন।

সোমবার দুপুরে প্রথম জানাজা অনুষ্ঠিত হয় ঠাকুরগাঁও সদর উপজেলার সালান্দর উচ্চ বিদ্যালয় মাঠে। এরপর মরদেহ নিয়ে যাওয়া হয় তার নিজ গ্রাম বালিয়াডাঙ্গী উপজেলার পাড়িয়া ইউনিয়নের বাদমেছিল গ্রামে। সেখানে দ্বিতীয় জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়।

পরিবারের পক্ষ থেকে মরহুমের আত্মার মাগফিরাত কামনায় সকলের দোয়া চাওয়া হয়েছে।

সাংবাদিক মেডিকেল কলেজ,